

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউজ ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর ১৭, উত্তরা, ঢাকা-১২৩০

বিজ্ঞপ্তি নং-বিজিএ/ইনসিওরেন্স/২০২৬/২৬৯

তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২৬

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয় : কেন্দ্রীয় তহবিল হতে পোশাক শিল্প শ্রমিকদের চিকিৎসা সহায়তা ও মাতৃত্বজনিত সহায়তার জন্য আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেন্দ্রীয় তহবিল হতে পোশাক শিল্প শ্রমিকদের এবং তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা সহায়তা এবং মহিলা শ্রমিকদের মাতৃত্বজনিত সহায়তা প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত নির্দেশনাবলী অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো :

১. একজন শ্রমিক নিজের বা পরিবারের সদস্যদের জন্য (চিকিৎসা সহায়তা) বছরে একবার একটি আবেদন করতে পারবে। চিকিৎসা সহায়তার ক্ষেত্রে শুধুমাত্র দূরারোগ্য রোগের (ক্যান্সার, জটিল হার্ট সমস্যা, লিভারের জটিল সমস্যা, কিডনি সমস্যা ইত্যাদি) জন্য আবেদন করা যাবে।
২. সাধারণ অসুস্থতা বিবেচনাযোগ্য হবে না। যেমন : ভাইরাস জ্বর, ঠাণ্ডা, ব্যাক পেইন, ডায়াবেটিস, গ্যাস্ট্রিক ইত্যাদি অসুস্থতাজনিত কারনে আবেদন করা যাবেনা।
৩. শুধুমাত্র কারখানার নারী শ্রমিক মাতৃত্বজনিত সি-সেকশন এর ক্ষেত্রে আর্থিক সহায়তার জন্য আবেদন করতে পারবে।
৪. আবেদনের জন্য সর্বশেষ (আবেদনের তারিখ হতে বিগত ১২০ দিনের) চিকিৎসা ব্যবস্থাপত্র, মেডিকেল টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। মানি রিসিট অবশ্যই সংযুক্ত করা প্রয়োজন।
৫. ডাক্তারের সঠিক ব্যবস্থাপত্র না থাকলে আবেদন পত্র বাতিল হবে এবং কারন উল্লেখপূর্বক তা শিল্প সংগঠনসমূহকে জানিয়ে দেয়া হবে।
৬. একাউন্ট ভুল জনিত কারনে আবেদনপত্র বাতিল হলে কারণ উল্লেখপূর্বক তা শিল্প সংগঠনসমূহকে জানিয়ে দেয়া হবে। উক্ত শ্রমিক পরবর্তীতে পুনরায় সংশোধিত তথ্য প্রদান করতে পারবে।
৭. একই ব্যক্তি কোন রোগের জন্য কেন্দ্রীয় তহবিল থেকে পূর্বে টাকা পেয়ে থাকলে তা আবেদন ফর্মের নির্দিষ্ট স্থানে আবশ্যই উল্লেখ করতে হবে।

ধন্যবাদান্তে,



মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)

মহা-সচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •